

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd



স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১০.০৫.০১৪.২০-১৬


তারিখ: ৩০ জুলাই ২০২০

বিষয়: বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপসমূহের রূপরেখা প্রণয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ছকে উল্লিখিত কর্মসম্পাদন সূচক (১.২.১) এর আলোকে মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপসমূহের রূপরেখা প্রণয়ন করা হয়েছে।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।


বাবলু কুমার সাহা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৮৯৪২৬
ইমেইল: dg@dncrp.gov.bd

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এ টু আই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সকল), প্রধান/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (সকল)....., প্রধান/বিভাগীয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৬। অফিস কপি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ
মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপসমূহের রূপরেখা:

১. কোভিড-১৯ মহামারীর প্রাদুর্ভাবকালীন স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী হ্যান্ড রাব/হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, হ্যান্ড-গ্লাভস ইত্যাদির মূল্য স্থিতিশীল রাখতে তদারকি কার্যক্রম জোরদারকরণ
২. বাজার তদারকিকালে বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহ স্বীকৃত/নির্ধারিত স্বাস্থ্যবিধি মেনে চলছে কিনা তা নিশ্চিতকরণ
৩. দেশব্যাপী খাদ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত ওএমএস এবং ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) কর্তৃক পরিচালিত পণ্য বিক্রয় কার্যক্রম মনিটরিংকালে ক্রেতাসাধারণ সামাজিক দূরত্ব বজায় রাখছে কিনা তা নিশ্চিতকরণ
৪. মহামারীর প্রাদুর্ভাবকালীন অধিদপ্তরের প্রধান কার্যালয় কর্তৃক মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রয়োজনীয় দাপ্তরিক কর্ম সম্পাদন করা, যাতে তাঁরা গণপরিবহণ ব্যবহার করে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে উপস্থিত না হন
৫. জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর হ্যান্ড রাব/হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, হ্যান্ড-গ্লাভস ব্যবহার নিশ্চিতকরণ
৬. অধিদপ্তরের প্রবেশদ্বারে জীবাণুনাশক প্যাপোশ (Disinfection tray) স্থাপন
৭. সামাজিক দূরত্ব বজায় রেখে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ

